বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
ম্যানপাওয়ার প্ল্যানিং এন্ড ডেভেলপমেন্ট বিভাগ

গণমানুষের ব্যাংক

ফোন:০২২২৩৩৮১৬৫৫
website: www.krishibank.org.bd
E-mail: dgmonm@krishibank.org.bd

প্রকা/এমপিডি-৬৮(অংশ-২)/২০২৩-২০২৪/২৯৪ তারিখঃ ১২.০৬.২০২৪ খ্রি.

# অফিস নির্দেশ

ব্যাংকিং খাতে সুষ্ঠু ঝুঁকি ব্যবস্থাপনার অনুশীলন ও কার্যক্রম শক্তিশালী ও সময়োপযোগী করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের বিগত ০৮.১০.২০১৮ খ্রিঃ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-০৪ এর মাধ্যমে জারীকৃত Risk Management Guidelines for Banks এর নির্দেশনা মোতাবেক প্রধান ঝুঁকি পরিপালন কর্মকর্তার (Chief Risk Officer) দায়িত্ব জনাব মোহাম্মদ সালাহউদ্দীন রাজীব, মহাব্যবস্থাপক মহোদয়, ঋণ আদায় মহাবিভাগ এর উপর ন্যস্ত করা হলো।

০২। প্রধান ঝুঁকি পরিপালন কর্মকর্তার (CRO) কার্যাবলী (TOR) অপর পৃষ্ঠায় উল্লেখ করা হলো।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

সংশ্লিষ্ট নির্বাহী।

(মোঃ শওকত আলী খান)
ব্যবস্থাপনা পরিচালক

প্রকা/এমপিডি-৬৮(অংশ-২)/২০২৩-২০২৪/২৯৪(১২৫০) তারিখঃ ১২.০৬.২০২৪ খ্রি.

**সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক ।
০৪। অধ্যক্ষ (মহাব্যবস্থাপক), বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/বোর্ড সচিব/বিভাগীয় প্রধান, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। **পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস্ বিভাগ-কে অনুরোধ করা হলো।**
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। সকল উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক (স্থানীয় মুখ্য কার্যালয়সহ)।
০৮। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। নথি/মহানথি।

১২/০৬/২০২৪
(চানু গোপাল ঘোষ)
উপব্যবস্থাপনা পরিচালক-১

D:\MPD\Rayhan\Doptor Bonton\Executive Office Order\Letter.doc

## প্রধান ঝুঁকি পরিপালন কর্মকর্তার ভূমিকা ও কার্যাবলীঃ

ব্যাংকের ঝুঁকি ব্যবস্থাপনা কাঠামোর মধ্যে আরও স্বচ্ছতা, সহনশীলতা ও প্রজ্ঞা বজায় রাখতে প্রধান ঝুঁকি পরিপালন কর্মকর্তার (CRO) ভূমিকা ও দায়িত্ব অপরিসীম। প্রধান ঝুঁকি পরিপালন কর্মকর্তার স্বাধীনভাবে ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ এর যে কোন কাজের উপর পর্যাপ্ত পরিমাণে কর্তৃত্ব, ক্ষমতা ও জ্যেষ্ঠতা থাকবে। প্রধান ঝুঁকি পরিপালন কর্মকর্তা প্রয়োজনে সরাসরি পরিচালনা পর্ষদে প্রবেশ এবং পরিচালনা পর্ষদে অথবা ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির নিকট সরাসরি প্রতিবেদন দাখিল করবে। প্রধান ঝুঁকি পরিপালন কর্মকর্তা পর্ষদ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির (BRMC) সরাসরি তত্ত্বাবধানে থাকবে। প্রধান ঝুঁকি পরিপালন কর্মকর্তা ব্যাংকের ব্যবসায়িক কর্মকান্ডের প্রতিবেদন সম্পর্কিত বিষয়ে সরাসরি কোনো হস্তক্ষেপ করবে না। প্রধান ঝুঁকি পরিপালন কর্মকর্তা ব্যাংকের গুরুত্বপূর্ণ ঝুঁকিগুলো সনাক্ত করবে এবং ব্যবস্থাপনা পরিচালককে উক্ত ঝুঁকি অবহিত করার জন্য তার অনুলিপি দাখিল করবে। CRO তার কর্তব্য যথাযথ পালন করার জন্য ব্যাংকের যে কোনো বিভাগ হতে তথ্য চাইলে উক্ত বিভাগ তথ্য দিতে বাধ্য থাকবে। এ বিষয়ে তিনি পরিচালনা পর্ষদ ও ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের পূর্ণ সহযোগিতা গ্রহণ করতে পারবেন।

সিআরও (CRO) বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল ক্ষেত্রে ঝুঁকি ব্যবস্থাপনা পরিচালনায় আরও স্বচ্ছতার জন্য নিম্নলিখিত দায়িত্ব পালন করবেঃ

(১) প্রাথমিকভাবে ব্যাংকের ঝুঁকি ব্যবস্থাপনার কার্যাবলী আরও কার্যকর, উন্নত ও এর বাস্তবায়ন তত্ত্বাবধান করবেন;

(২) পরিচালনা পর্ষদ/ পর্ষদ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটিকে ব্যাংকের রিস্ক এপেটাইট (Risk Appetite) ও রিস্ক লিমিট (Risk Limit) এর মধ্যে রিস্ক এপেটাইট (Risk Appetite) এর উন্নয়নে সেতুবন্ধন হিসেবে সহায়তা করবে;

(৩) ব্যাংকের সামগ্রিক ও কৌশলগত পরিকল্পনা অর্জনের লক্ষ্যে ব্যাংকের ব্যবসায়িক খাতগুলির রিস্ক এপেটাইট (Risk Appetite) ও রিস্ক লিমিট (Risk Limit) নির্ধারণের ক্ষেত্রে ব্যাংক ব্যবস্থাপনার সাথে সক্রিয়ভাবে কাজ করবেন এবং দূরদর্শিতার সাথে ব্যাংকের ঝুঁকি গ্রহণ ও ঝুঁকি সীমা নির্ধারণে মুখ্য ভূমিকা পালন করবে;

(৪) গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত (যেমনঃ কৌশলগত পরিকল্পনা, মূলধন ও তারল্য পরিকল্পনা, নতুন পণ্য ও পরিসেবা, ক্ষতিপূরণ নকশা এবং কার্যকলাপ) গ্রহণে অবদান এবং সক্রিয় অংশগ্রহণ করতে হবে;

(৫) ঝুঁকি সম্পর্কিত সকল কাজ সুচারুরূপে বাস্তবায়ন নিশ্চিত করার জন্য পদ্ধতি, কলা কৌশল ও প্রক্রিয়া ঠিক করা যাতে ঝুঁকি চিহ্নিতকরণ, পরিমাপ, প্রশমিতকরণ ও পর্যবেক্ষণের মাধ্যমে ঝুঁকি প্রতিবেদন প্রস্তুত করা যায়;

(৬) ব্যবসায়িক ঝুঁকিগুলো চিহ্নিত, মূল্যায়ন ও নিয়ন্ত্রণ করার জন্য প্রক্রিয়াগুলো সনাক্তকরণ, উন্নয়ন ও পরিচালনা করার জন্য সহায়তা করা ও ব্যবসায়িক ঝুঁকিগুলোর মূল্যায়ন এবং সেগুলোর নিয়ন্ত্রণের জন্য ঝুঁকির উন্নয়নে এবং ঝুঁকির পদ্ধতিগুলো পরিচালনায় সহায়তা করা;

(৭) কর্তৃপক্ষের যথাযথ অনুমোদন সাপেক্ষে ঝুঁকি ব্যবস্থাপনা নীতি ও পদ্ধতি, রিস্ক লিমিট (Risk Limit) উন্নয়নের জন্য প্রক্রিয়া গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে;

(৮) ঝুঁকি সম্পর্কিত বিষয়গুলো স্বাধীনভাবে পূর্ণ ক্ষমতায়নের মাধ্যমে ব্যাংকের প্রধান ও সঙ্কটময় ঝুঁকি নিবিড় পর্যবেক্ষণে রাখতে হবে;

(৯) ব্যাংকের প্রচলিত নিয়মনীতির মধ্যে থেকে পরিচালনা পর্ষদ ও উর্ধ্বতন নির্বাহীগণ প্রদত্ত মতামত/পর্যবেক্ষণের সমন্বয় সাধন;

(১০) ব্যাংকের আর্থিক সুরক্ষা নিশ্চিত করার জন্য ঝুঁকি স্থানান্তর, ঝুঁকি প্রতিরোধ ও ঝুঁকি ধারণ সম্পর্কিত যথাযথ পদ্ধতি গ্রহণ করা;

(১১) বড় অংকের ঋণ প্রস্তাবনার (যা ব্যাংক কর্তৃক গ্রহণ করা হয়) ক্ষেত্রে ক্রেডিট কমিটি, ব্যবস্থাপনা সমন্বয় কমিটি বা পরিচালনা পর্ষদে উপস্থাপনের পূর্বে ঐ ঋণের ঝুঁকির পরিমাণ সম্পর্কে সুনির্দিষ্ট মতামত প্রদান করতে হবে;

(১২) ব্যাংকের পোর্টফলিও'র অবস্থা পর্যবেক্ষণ করে ভালো মানের সম্পদের প্রবৃদ্ধি নিশ্চিত করা;

(১৩) সকল কোর ঝুঁকি সহ অন্যান্য ঝুঁকির বিষয়ে বাংলাদেশ ব্যাংক এর মতামতগুলো যথাযথ পরিপালন নিশ্চিত করতে হবে;

(১৪) আর্থিক ক্ষতির কারণে ব্যাংকের কর্মকর্তা/কর্মচারী, জনসাধারণ ও পরিবেশের উপর বিরূপ প্রভাব সনাক্তকরণ ও বিশ্লেষণ করার পদ্ধতি প্রণয়ন করতে হবে;

(১৫) ব্যাংকে উদীয়মান এবং শিল্প ভিত্তিক ঝুঁকি হতে সৃষ্ট সমস্যা ও সমাধানের কৌশল কি হবে সে সম্পর্কে কর্মকর্তা/কর্মচারীদেরকে তথ্য সহ জানাতে হবে;

(১৬) সম্পদ পোর্টফলিও রক্ষার জন্য পরিবেশ ও সামাজিক রক্ষাকবচ এর ব্যবহার নিশ্চিত করতে হবে;

(১৭) ব্যাংকের তথ্য নিরাপত্তা বিষয়টি তত্ত্বাবধান করতে হবে;

(১৮) মাসিক ভিত্তিতে ঝুঁকি ব্যবস্থাপনা নির্বাহী কমিটির সভা নিশ্চিত করতে হবে যেখানে ব্যাংকের শীর্ষ নির্বাহীগণ ব্যাংকের ঝুঁকি সম্পর্কে জানতে পারে এবং আলোচনা করে সমস্যা গুলোর সমাধান করতে পারে;

(১৯) ব্যাসেল-৩ এর ৩ নং স্তম্ভ অনুযায়ী ব্যাংকের মূল কর্মক্ষমতার সূচকগুলো সঠিকভাবে প্রকাশ নিশ্চিত করতে হবে;

(২০) অন্যান্য দেশের অর্থনৈতিক এবং আর্থিক অবস্থা সম্পর্কে অবগত হয়ে তার আলোকে কাজ করতে হবে;

(২১) বছরে কমপক্ষে একবার সারাদিন ব্যাপী ব্যাংকের সকল শাখা ব্যবস্থাপক ও ২য় কর্মকর্তাসহ ঝুঁকি সম্পর্কিত কর্মকর্তাদের অংশগ্রহণে বার্ষিক ঝুঁকি সম্মেলন করতে হবে এবং

(২২) ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগের কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির জন্য ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ে পর্যাপ্ত অভ্যন্তরীণ ও বাহ্যিক প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে।

তাছাড়াও বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের গত ২০.০৬.২০১৯ খ্রিঃ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-১২ এর মাধ্যমে Guidelines on Internal Credit Risk Rating Systems for Banks এর নির্দেশনা অনুযায়ী ঋণ গ্রহীতাদের আইসিআরআরএস স্কোরের Excutive Summary Report প্রধান ঝুঁকি পরিপালন কর্মকর্তা কর্তৃক পরীক্ষান্তে অনুমোদিত ও স্বাক্ষরিত হবে।